# স্বেচ্ছাসেবক নিয়োগ নির্দেশিকা

জাগোনারী বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে কার্যরত একটি বেসরকারি উন্নয়ন সংস্থা। সংস্থাটি ১৯৯৮ সাল থেকে উপকূলীয় অঞ্চলে নারীর ক্ষমতায়ন ও শিশু অধিকার, দুর্যোগ ঝুঁকি প্রশমন ও জলবায়ু পরিবর্তন অভিযোজন, শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টিসহ নানামুখী উন্নয়ন কার্যক্রম পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় জাগোনারী কর্তৃক বাস্তবায়নাধীন **Women Lead in Emergencies (WLiE)** প্রকল্পের আওতায় ভলান্টিয়ার নিয়োগের জন্য যোগ্য ও আগ্রহী প্রার্থীদের নিকট থেকে আবেদন আহ্বান করা হচ্ছে। প্রকল্পটির মূল লক্ষ্য হলো সংঘাত প্রতিরোধ, জলবায়ু পরিবর্তনের অভিযোজন এবং মানবিক কার্যক্রমে কমিউনিটির পিছিয়ে পড়া প্রান্তিক নারীদের এবং নারী অধিকারভিত্তিক সংগঠনের অংশগ্রহণ ও নেতৃত্ব বৃদ্ধি করা।

উল্লেখ্য যে, **Agence Française de Développement (AFD)** এর আর্থিক সহযোগিতায় **CARE Bangladesh** প্রকল্পটির কারিগরি সহযোগিতা প্রদান করছে।

**পদের নাম** : **স্বেচ্ছাসেবক (Volunteer)**

**পদসংখ্যা** : ০৬ (ছয়) জন

**চাকরির ধরন** : খণ্ডকালীন (Part-time)

**প্রকল্পের মেয়াদ** : ৩১ মে ২০২৮ পর্যন্ত।

**কর্মকাল** : প্রতি মাসে আনুমানিক ০৭ (সাত) কর্মদিবস।

**কর্মস্থল** : বরগুনা সদর উপজেলার **ঢলুয়া ইউনিয়ন,** পাথরঘাটা উপজেলার **কাকচিড়া ইউনিয়ন** এবং তালতলী উপজেলার **নিশানবাড়িয়া ইউনিয়ন।**

**সম্মানী** : প্রতি কর্মদিবসে যাতায়াত ও মাঠ পর্যায়ের আনুষঙ্গিক খরচসহ সর্বসাকুল্যে ৭০০/- **(সাতশত) টাকা** হারে ভাতা প্রদান করা হবে। **"কাজ না করলে সম্মানী নয় (No Work, No Pay)"** নীতি প্রযোজ্য হবে।

**রিপোর্টিং** : Project Officer (Gender), WLiE Project, JAGO NARI-এর নিকট রিপোর্ট করতে হবে।

**কাজের সারসংক্ষেপ**

নির্বাচিত ভলান্টিয়ারগণ প্রকল্পের আওতায় পরিবারভিত্তিক তথ্য সংগ্রহ, তথ্যের গুণগত মান নিশ্চিতকরণ এবং প্রকল্পের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে সহায়তা করবেন। এছাড়া প্রকল্পের সফল বাস্তবায়নের জন্য মাঠপর্যায়ে বিভিন্ন প্রোগ্রাম আয়োজন ও বাস্তবায়নে সক্রিয় ভূমিকা পালন করবেন।

বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ: ১১ জনু ২০২৬ খ্রি.

**প্রধান দায়িত্বাবলী**

- তথ্য সংগ্রহ, ডিজিটাল ডেটা কালেকশন, নৈতিকতা, Safeguarding এবং অন্যান্য বিষয়ে আয়োজিত প্রশিক্ষণ ও ওরিয়েন্টেশনে অংশগ্রহণ।
- মোবাইল/ট্যাব ব্যবহার করে অনুমোদিত ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে পরিবারভিত্তিক জরিপ ও তথ্য সংগ্রহ।
- নির্ভুল, সম্পূর্ণ ও মানসম্মত পরিমাণগত ও গুণগত তথ্য সংগ্রহ।
- তথ্য সংগ্রহের পূর্বে উত্তরদাতার স্বেচ্ছাসম্মতি (Informed Consent) গ্রহণ নিশ্চিত করা।
- Safeguarding, PSEA, তথ্যের গোপনীয়তা এবং ডেটা সুরক্ষা নীতিমালা অনুসরণ করা।
- প্রতিদিন বা নির্ধারিত সময়ে সংগৃহীত তথ্য ডিজিটাল প্ল্যাটফর্মে জমা প্রদান এবং প্রাপ্ত মতামতের ভিত্তিতে তথ্য সংশোধন করা।
- প্রয়োজনে পুনঃযাচাই, পুনঃসাক্ষাৎকার (Re-interview) এবং ফলোআপ কার্যক্রম পরিচালনা।
- মাঠপর্যায়ে উদ্ভূত সমস্যা, অভিযোগ বা Safeguarding-সংক্রান্ত বিষয় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা।
- প্রকল্পের সভা, প্রশিক্ষণ, কর্মশালা, ক্যাম্পেইন, কমিউনিটি সভা ও অন্যান্য কার্যক্রম আয়োজন ও বাস্তবায়নে সহযোগিতা করা।
- Project Officer (Gender), MEAL টিম এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্মীদের সঙ্গে সমন্বয় করে কাজ করা।
- সুপারভাইজার বা প্রকল্প ব্যবস্থাপনা কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

**আবেদনকারীর যোগ্যতা ও অভিজ্ঞতা**

- ন্যূনতম এইচএসসি বা যেকোনো বিষয়ে স্নাতক।
- প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৪৫ বছর হতে হবে।
- এনজিও/আইএনজিও বা উন্নয়ন প্রকল্পে ভলান্টিয়ার, এনুমারেটর বা মাঠকর্মী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।
- মোবাইল বা ট্যাবভিত্তিক ডিজিটাল তথ্য সংগ্রহে দক্ষতা।
- সভা, প্রশিক্ষণ ও কমিউনিটি কার্যক্রম পরিচালনায় অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।
- বাংলা ভাষায় যোগাযোগে দক্ষতা; স্থানীয় উপভাষা জানা থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- প্রত্যন্ত ও জলবায়ু ঝুঁকিপূর্ণ এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- দুর্যোগ ঝুঁকি হ্রাস (DRR), জলবায়ু পরিবর্তন, Anticipatory Action, জরুরি মানবিক সহায়তা অথবা নারী ক্ষমতায়নমূলক কার্যক্রমে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।
- জেন্ডার সমতা, Safeguarding, PSEA, তথ্যের গোপনীয়তা ও ডেটা সুরক্ষা সম্পর্কে মৌলিক ধারণা থাকতে হবে।
- দলগতভাবে কাজ, সমস্যা সমাধান এবং পরিবর্তিত পরিস্থিতিতে কাজ করার সক্ষমতা থাকতে হবে।
- সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

## সেফগার্ডিং এবং PSEAH অঙ্গীকার

JAGO NARI যৌন শোষণ, নির্যাতন ও হয়রানি (SEAH) মুক্ত একটি নিরাপদ ও সম্মানজনক পরিবেশ বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ। JAGO NARI-এর সঙ্গে যুক্ত সকল কর্মী/ পরামর্শক/ সরবরাহকারী/ ভেন্ডরকে প্রতিষ্ঠানের সেফগার্ডিং এবং PSEAH নীতিমালা মেনে চলতে হবে এবং তাদের দায়িত্ব পেশাদার, নৈতিক ও সম্মানজনকভাবে পালন করতে হবে। যৌন শোষণ, নির্যাতন, হয়রানি বা অন্য কোনো সেফগার্ডিং অসদাচরণসহ এসব মানদণ্ড লঙ্ঘনের ঘটনা ঘটলে JAGO NARI প্রয়োজন মনে করলে সংশ্লিষ্ট চাকরি/পরামর্শক চুক্তি তাৎক্ষণিকভাবে বাতিল করতে পারে এবং উপযুক্ত অন্যান্য ব্যবস্থা গ্রহণ করতে পারে।

## শিশু সুরক্ষা অঙ্গীকার

JAGO NARI সকল শিশুর অধিকার, মর্যাদা ও কল্যাণ রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ এবং শিশু নির্যাতন, শোষণ, অবহেলা, সহিংসতা ও শিশুশ্রমের বিরুদ্ধে দৃঢ় অবস্থান গ্রহণ করে। সকল কর্মীকে JAGO NARI-এর শিশু সুরক্ষা নীতিমালা এবং আচরণবিধি মেনে চলতে হবে এবং কর্মকালীন সময়ে শিশু সুরক্ষার সর্বোচ্চ মান বজায় রাখতে হবে। এসব মানদণ্ড লঙ্ঘনের ক্ষেত্রে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে, যার মধ্যে চাকরিচ্যুতি অন্তর্ভুক্ত থাকতে পারে; প্রয়োজন হলে বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছেও প্রেরণ করা হতে পারে।

### আবেদন সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী

- নারী প্রার্থীদের আবেদন করতে বিশেষভাবে উৎসাহিত করা হচ্ছে।
- সকল আবেদনকারী সমান সুযোগ পাবেন; ধর্ম, বর্ণ, লিঙ্গ, বয়স, প্রতিবন্ধিতা বা অন্য কোনো পরিচয়ের ভিত্তিতে বৈষম্য করা হবে না।
- ব্যক্তিগত তদবির বা সুপারিশ প্রার্থিতা বাতিলের কারণ হবে।
- শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের মৌখিক সাক্ষাৎকারের জন্য আহ্বান করা হবে।
- আবেদন প্রক্রিয়ায় কোনো ধরনের ফি প্রদান করতে হবে না।
- নারী ও শিশুদের বিরুদ্ধে সহিংসতা, নির্যাতন, যৌন শোষণ, যৌন হয়রানি বা অন্য কোনো সেফগার্ডিং অসদাচরণের সঙ্গে জড়িত ব্যক্তি এই পদে আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

### আবেদন পদ্ধতি:

আগ্রহী প্রার্থীগণ হালনাগাদ জীবনবৃত্তান্ত, জাতীয় পরিচয়পত্র (NID) অথবা জন্ম নিবন্ধনের ফটোকপি ও এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ **১৯ জুলাই ২০২৬** তারিখের মধ্যে নিম্নলিখিত ঠিকানায় আবেদনপত্র ডাকযোগে/সরাসরি জমা দিতে পারবেন:

### আবেদন পাঠানোর ঠিকানা:

মানবসম্পদ ও প্রশাসন বিভাগ
জাগোনারী প্রধান কার্যালয়
আশাহী ম্যানশন (৩য় তলা), কলেজ রোড, বরগুনা।

বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ: ১১ জুন ২০২৬ খ্রি.